

# এসএসসির ফরম পূরণ ১ ডিসেম্বর শুরু, বাড়ল ফি

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৫:৫৯, ১৪ নভেম্বর ২০২৪



শিক্ষার্থী। ফাইল ছবি।

এসএসসি ও সমমানের ২০২৫ সালের পরীক্ষায় অংশ নিতে শিক্ষার্থীদের ফরম পূরণ আগামী ডিসেম্বর থেকে শুরু হবে। চলবে ৯ ডিসেম্বর পর্যন্ত। তবে পরীক্ষার্থীদের ফি ২০২৪ সালে তুলনায় ১০০ টাকা বাড়ানো হয়েছে।

UNIBOTS

বৃহস্পতিবার (১৪ নভেম্বর) ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ২ শিক্ষা বোর্ড ফরম পূরণের পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ফরম পূরণে শিক্ষার্থীদের তথ্যসংবলিত সম্ভাব্য তালিকা বোর্ডে ওয়েবসাইটে প্রকাশ করা হবে। সম্ভাব্য তালিকা থেকে ১ থেকে ৯ ডিসেম্বর পর্যন্ত বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফরম পূরণ করতে পারবে শিক্ষার্থীরা। বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেওয়া সময় ১০ ডিসেম্বর। ১০০ টাকা বিলম্ব ফি বা জরিমানা দিয়ে শিক্ষার্থীরা ১১-১৪ ডিসেম্বর পর্যন্ত ফরম পূরণ করতে পারবে। জরিমানাসহ ফি জমা দেওয়া যাবে ১৪ ডিসেম্বর পর্যন্ত। বিলম্ব ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৫ ডিসেম্বর।

এদিকে, বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের জন্য প্রতি বছরের মতো এবারও আলাদা ফি নির্ধারণ করা হয়েছে। বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের সর্বোচ্চ ফি দিতে হবে ২ হাজার ২৪ টাকা, যা গত বছর বিজ্ঞানের শিক্ষার্থীদের সর্বোচ্চ ফি ছিল ২ হাজার ১৪০ টাকা। মানবিক ও ব্যবসায় ২ শিক্ষার শাখার ফি ২ হাজার ১২০ টাকা করা হয়েছে, যা ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় যা ছিল ২ হাজার ২০ টাকা।

বোর্ড জানিয়েছে, ফরম পূরণের এ ফির মধ্যে ব্যবহারিক পরীক্ষা, কেন্দ্র ফিও অন্তর্ভুক্ত রয়েছে

শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষার্থীদের কাছ থেকে বিলম্ব ফি নিতে পারবে সর্বোচ্চ ১০০ টাকা। তাছাড়া পরীক্ষা যখনই হোক না কেন, নবম ও দশম শ্রেণি মিলিয়ে শিক্ষার্থীর কাছ থেকে ২৪ মাসে বেশি সময়ের বেতন ও সেশন চার্জ নেওয়া যাবে না।

---

এম হাসান